

# Bangladesh Automated Cheque Processing System



## ১. BACH কি ?

উত্তর : BACH হচ্ছে বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউস, যেখানে দু'ধরনের আন্তঃব্যাংক লেনদেন নিষ্পত্তি করা হয়। একটি হচ্ছে বাংলাদেশ অটোমেটেড চেক প্রসেসিং সিস্টেম (BACPS), যার মাধ্যমে ব্যাংকসমূহের ক্লিয়ারিং কার্যক্রম পরিচালিত হয়। অপরটি হচ্ছে বাংলাদেশ ইলেকট্রনিক ফান্ডস ট্রান্সফার নেটওয়ার্ক (BEFTN) যার মাধ্যমে আন্তঃব্যাংক ইলেকট্রনিক ডেবিট ও ক্রেডিট লেনদেনসমূহ পরিচালিত হয়।

## ২. চেক ক্লিয়ারিং এর জন্য কি কোন চার্জ পরিশোধ করতে হয় ?

উত্তর : চেক ক্লিয়ারিং এর জন্য চেকের প্রাপককে নিম্নোক্ত হারে চার্জ পরিশোধ করতে হয় :

- ৫০,০০০ টাকার নিচে চেক ক্লিয়ারিং এর জন্য কোন চার্জ দিতে হয় না;
- ৫০,০০০ টাকা বা এর বেশি কিন্তু ৫ লক্ষ টাকার নিচে চেক এর জন্য ভ্যাটসহ মোট ১০ টাকা;
- ৫ লক্ষ টাকা বা এর বেশি অংকের চেক Regular Value ক্লিয়ারিং এর জন্য উপস্থাপিত হলে ভ্যাটসহ ২৫ টাকা;
- ৫ লক্ষ টাকা বা এর বেশি অংকের চেক High Value ক্লিয়ারিং এর জন্য উপস্থাপিত হলে ভ্যাটসহ মোট ৬০ টাকা;
- সকল ধরনের G2P অর্থাৎ কোন ব্যক্তি/প্রতিষ্ঠানকে দেয়া সরকারি চেক, সরকারি পাওনার বিপরীতে কিংবা সিটি কর্পোরেশন/পৌরসভার বিভিন্ন পাওনার বিপরীতে অথবা ইউটিলিটি বিলের বিপরীতে প্রদত্ত চেক ক্লিয়ারিং এর জন্য কোন চার্জ পরিশোধ করতে হয় না।

## ৩. Regular Value ক্লিয়ারিং কি ?

উত্তর : Regular Value ক্লিয়ারিং হচ্ছে BACPS এর আওতায় প্রদত্ত চেক ক্লিয়ারিং সেবা, যাতে যে কোন অংকের চেক উপস্থাপিত হতে পারে। Regular Value ক্লিয়ারিং -এ চেক উপস্থাপনের সর্বশেষ সময় দুপুর ১২.৩০ টা পর্যন্ত এবং চেক নিষ্পত্তি (Settlement) এর সময় বিকাল ৫.০০ টা। ফলে, উক্ত সময়ের পরে চেকের প্রাপকের হিসাবে চেকের টাকা জমা করা হয়ে থাকে।

## ৪. High Value ক্লিয়ারিং কি ?

উত্তর : একই দিনের মধ্যে ৫ লক্ষ টাকা বা তদূর্ধ্ব অংকের চেক ক্লিয়ারিংকে High Value চেক ক্লিয়ারিং বলে। High Value ক্লিয়ারিং এর ক্ষেত্রে চেক উপস্থাপনের সর্বশেষ সময় দুপুর ১২.০০ টা এবং চেক নিষ্পত্তি (Settlement) এর সময় বিকাল ৩.০০ টা। ফলে, চেক প্রাপকের হিসাবে একই দিনে ৩.০০ টার পরে চেকের টাকা জমা হয়ে থাকে।

## ৫. MICR চেক কি ?

উত্তর : Magnetic Ink Character Recognition (MICR) চেক হচ্ছে বিশেষ ধরনের চেক যা মেশিনে পড়া যায় (Machine readable)। এ মেশিনের মাধ্যমে চেককে স্বয়ংক্রিয় ক্লিয়ারিং ব্যবস্থার উপযোগী করে ছাপানো হয়। বিশেষ ধরনের কাগজ, নির্ধারিত নকশা ও মাত্রা, জলছাপ, ক্ষুদ্রাকৃতির মুদ্রন, মোচনীয় কালি, অদৃশ্য মোচনীয় আলট্রা ভায়োলেট কালি, MICR কোড লাইন এবং কেমিক্যাল সংবেদনশীলতা ইত্যাদি MICR চেকের নিরাপত্তা বৈশিষ্ট্য।

## ৬. ক্লিয়ারিং হাউসে MICR চেক ছাড়া অন্য কোন চেক গ্রহণ করা হয় কিনা ?

উত্তর : বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউসে MICR চেক ছাড়া অন্য কোন চেক/পেমেন্ট ইনস্ট্রুমেন্ট গ্রহণ করা হয় না।

## ৭. গ্রাহক সম্মতিপত্র (Positive pay Instruction) কি ?

উত্তর : কোন গ্রাহক উচ্চ মূল্যের চেক ইস্যু করলে, চেকের টাকা পরিশোধের ক্ষেত্রে ঐ গ্রাহকের লিখিত সম্মতিপত্রই হচ্ছে 'গ্রাহক সম্মতিপত্র' বা 'Positive pay Instruction'।

এক্ষেত্রে, প্রতিষ্ঠানের একাউন্টের এক লক্ষ টাকা ও এর বেশি অংক এবং ব্যক্তি একাউন্টের ৫ লক্ষ টাকা ও এর বেশি টাকার চেক পরিশোধের ক্ষেত্রে ঐ প্রতিষ্ঠান/ব্যক্তির সম্মতিপত্র গ্রহণ বাধ্যতামূলক।

## ৮. চেক জালিয়াতির ক্ষেত্রে ব্যাংকের কর্মকর্তা/কর্মচারী জড়িত বলে প্রমাণিত হলে সেক্ষেত্রে নীতিমালা কি ?

উত্তর : চেক জাল করে গ্রাহকের হিসাব হতে অর্থ জালিয়াতি বা প্রতারণার ঘটনায় ব্যাংকের নিজস্ব তদন্তে ব্যাংকের কর্মকর্তা/কর্মচারী জড়িত রয়েছে মর্মে প্রমাণিত হলে তাৎক্ষণিকভাবে গ্রাহকের এতদসংক্রান্ত দাবি পূরণ করার নির্দেশনা রয়েছে।